

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়  
সুনামগঞ্জ।  
www.deo.sunamganj.gov.bd

স্মারক নং-৩৭.০২.৯০০০.০০০.০৫.০০১.২৪-২৮৩

তারিখ : ১২-০৫-২০২৫ খ্রি.

বিষয় : মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬শে জুন, ২০২৫ উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা।

সূত্র : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জের ০৮-০৫-২০২৫ তারিখের ৩৭০ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬শে জুন, ২০২৫ উদযাপন উপলক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ কর্তৃক রচনা প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে।

রচনা প্রতিযোগিতা

ক্রম	গ্রুপ	শ্রেণি	২০২৫ সালের জন্য বিধিবিহীন
১.	ক	৬ষ্ঠ, ৭ম, ৮ম বা সমমান(সর্বোচ্চ ১০০০ শব্দ)	মাদক নিয়ন্ত্রণে পরিবারের ভূমিকা
২.	খ	৯ম, ১০ম বা সমমান(সর্বোচ্চ ১৫০০ শব্দ)	মাদকমুক্ত সমাজ গড়ি, নতুন বাংলাদেশ বিনির্মাণ করি
৩.	গ	একাদশ, দ্বাদশ, স্নাতক বা সমমান(সর্বোচ্চ ২০০০ শব্দ)	একটি ন্যায়ভিত্তিক সমাজ গঠনে মাদকমুক্ত যুবসমাজের ভূমিকা

প্রতিযোগিতার নিয়মাবলী:-

- ১। সুনামগঞ্জ জেলায় অবস্থিত সকল মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও স্নাতক ও সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রী প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে।
- ২। রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোনক্রমেই রচনা ফটোকপি গ্রহণযোগ্য নয়।
- ৩। রচনার প্রথম পাতায় প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণি ও রোল নম্বর উল্লেখ করতে হবে।
- ৪। রচনা সংশ্লিষ্ট সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে দাখিল/প্রেরণ করতে হবে।
- ৫। খামের উপর "রচনা প্রতিযোগিতা: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬শে জুন, ২০২৫" লিখতে হবে।
- ৬। স্বহস্তে লিখিত রচনা আগামী ২৫.০৫.২০২৫ তারিখের মধ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জে সরাসরি বা ডাকযোগে জমা দিতে হবে।

পুরস্কার:

রচনা প্রতিযোগিতায় গ্রুপওয়ারি প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীকে পুরস্কৃত করা হবে। পুরস্কার বিতরণের তারিখ ও স্থান মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ হতে পরে জানানো হবে।

এমতাবস্থায়, আপনার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে বিষয়টি অবহিত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রাপক: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
(সকল), সুনামগঞ্জ জেলা।

(মো: জাহাঙ্গীর আলম)  
জেলা শিক্ষা অফিসার  
সুনামগঞ্জ।

deosunam@yahoo.com

অনুলিপি : সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
- ২। সুপার/প্রধান শিক্ষক/অধ্যক্ষ.....
- ৩। জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৪। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ।